



ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

স্থানীয় ক্রয়ের জন্য দরপত্র

দরপত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২২.২০৩৮

তারিখঃ ০১ জুন ২০২২

খোলার তারিখঃ ০৭ জুন ২০২২

বেলা- ১২৩০ ঘটিকা

জনাব

নিম্নলিখিত দ্রব্যাদি ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেডে সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে বর্ণিত গর্জন কাঠ সরবরাহ নেওয়ার নিমিত্তে সর্বনিম্ন মূল্য তালিকা আহ্বান করা যাচ্ছে। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত আমাদের শর্তাবলী অনুযায়ী হতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম নাজমুল ইসলাম

কমান্ডার বিএন

পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

অত্র প্রতিষ্ঠানের প্রোডাকশন বিভাগের (ডকিং সেকশন) এর জন্য গর্জন কাঠের বিবরণঃ

সূত্রঃ

ক। ভান্ডার চাহিদা পত্র নং- ১১২০০ তারিখ ১৬ মে ২০২২ (প্রোডাকশন বিভাগ, ডকিং সেকশন)।

ক্রঃ নং	মালামালের বিবরণ	একক	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
01	গর্জন কাঠ, ২৬X(১৩"X৮"-৪"X৮") দৈর্ঘ্যঃ ২৬ ফুট প্রস্থঃ ৮ ইঞ্চি উচ্চতা এক পাশে- ১৩ ইঞ্চি উচ্চতা অপর পাশে- ৪ ইঞ্চি	পিছ	১২		
ভ্যাট ও ট্যাক্সসহ সর্বমোট টাকা					

কথায়:.....

বিঃদ্রঃ

- ক। সাধারণত গর্জনের কোমল কাঠ (Sapwood) ২৫ মি.মি. থেকে ৭৫ মি.মি পুরু হবে।
খ। গর্জন কাঠের রং হালকা লাল থেকে লালচে-বাদামী বা বাদামী হবে।
গ। এই কাঠের আঁশ সাধারণত সোজা হবে। তবে অগভীরভাবে সংযুক্ত থাকতে পারে এবং গঠন বিন্যাস মাঝারিভাবে মোটা বা মোটা হয়।
ঘ। কাঠের শেষ প্রান্তে ওলিও-রেজিন (প্রাকৃতিক তৈল এবং রজন) এর সংমিশ্রণ সমভাবে বিন্যাস্ত থাকবে।
ঙ। কাঠের মানভেদে ওজন ৬৪০ কেজি/মি^৩ থেকে ৯৬০ কেজি/মি^৩ হবে। তবে কাঠ শুকনো হয়ে গেলে এর গড় ওজন প্রায় ৭৪০ কেজি/মি^৩ হবে।
চ। গর্জন কাঠের নমুনা দাখিল করতে হবে।

দরপত্র কমিটির স্বাক্ষর

বাণিজ্যিক শাখা

হিসাব রক্ষণ শাখা

ব্যবহারকারী

আমরা অপর পৃষ্ঠায় সমস্ত শর্তাবলী মানিয়া
নিলাম

সরবরাহকারীর স্বাক্ষর
ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টিআইএন নং-





ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ
বাংলাদেশ নৌবাহিনী
সোনাকান্দা, বন্দর, নারায়ণগঞ্জ

সূত্র নং ০৬.০২.৬৭৫৮.১৬৫.০৭.১৯৪.২২.২০৩৮

তারিখ : ০১ জুন ২০২২

দরপত্র খোলার তারিখঃ ০৭ জুন ২০২২

বেলা ১২.৩০ ঘটিকা

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	টাকা	
			অংক (মোট দর)	কথায়

কর্মাশিয়াল (লোকাল)

সরবরাহকারীর নাম ও ঠিকানাঃ

সীলসহ স্বাক্ষর



**দরপত্রদাতার জন্য দিক নির্দেশনা
(GUIDELINES FOR TENDERER)**

নিম্নোক্ত নির্দেশনাগুলো দরপত্র তৈরীর জন্য গাইড লাইন হিসেবে কাজ করবে :

১। সতর্কতামূলক নোট (NOTE OF CAUTION) :

(ক) কোটেশন/দরপত্রের বিষয়গুলি যদি এই গাইড লাইনের বর্ণিত চুক্তির শর্তের এবং বিনির্দেশে এবং এজেন্ডাভুক্ত বিষয়ের বর্হিত হয় তবে তা বাতিল বলে গন্য হবে।

২। ব্যাখ্যা, নির্দেশাবলী এবং অবগতি (CLARIFICATIONS, INSTRUCTIONS AND INFORMATION)।

এই দরপত্রের সাথে জড়িত অতিরিক্ত কোন তথ্যের অথবা বিড দলিলাদির যে কোন বিষয়ের ব্যাখ্যা করার অনুরোধ থাকলে তা লিখিতভাবে দরপত্র খোলার পূর্বেই জমা দিতে হবে। যদি ক্রেতা কোন ব্যাখ্যা বা অতিরিক্ত তথ্য জানানোর প্রয়োজন অনুভব করে তবে তা সকল বিডারকে লিখিতভাবে জানাবেন। ক্রেতা মৌখিক ব্যাখ্যা, নির্দেশনা বা সংযোজনের ক্ষমতা সংরক্ষণ করে।

৩। দরপত্র দলিল পরিবর্ধন (MODIFICATION OF TENDER DOCUMENT)। কোন পরিবর্ধন, সংশোধন অথবা ব্যাখ্যা অথবা দরপত্র বন্ধের তারিখ বাড়ানোর দরকার হলে তা সংশোধন আকারে প্রকাশ করা হবে, যা দরপত্রের অংশ হিসেবে গন্য হবে। এটা দরপত্র আহবানকারী কর্তৃক স্বাক্ষরিত হতে হবে এবং দরপত্রের সাথে সংযুক্ত হবে। যদি তা না হয় তবে অফার বাতিল বলে গন্য হবে।

৪। বিডিং নির্দেশনাবলী (BIDDING INSTRUCTION)।

৪.১ একক খাম পদ্ধতি (One Envelop System)।

৪.১.১ দরপত্রের দুই কপি ডুপলিকেটসহ দ্বৈত খামে ভিতরের এবং বাইরের খাম সীলগালা করে প্রাপক বরাবর প্রেরণ করতে হবে..... (ক্রয় বিভাগের প্রধান)।

৪.১.২ বাইরের খামে দরপত্র নং, দরপত্র খোলার তারিখ ও সময় উল্লেখ থাকবে। ভিতরের খামে দরপত্র দাতার নাম ও পূর্ণ ঠিকানা থাকতে হবে, যাতে ক্রেতা দেরিতে প্রাপ্ত দরপত্র না খুলে ফেরত পাঠাতে পারে।

৪.১.৩ যদি বাইরের খামটি পূর্বের নির্দেশনানুসারে সীল গালা করা না হয় তবে তা মিসপ্রসেসমেন্ট বা অসম্পূর্ণ দরপত্র হিসেবে বিবেচিত হবে, যাতে ক্রেতা দায়ী থাকবে না।

